

মাননীয় সচিব



মোঃ কামাল উদ্দিন তালুকদার

জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে ১৩ নভেম্বর ২০১৮ তারিখে সচিব হিসেবে যোগদান করেন। এ পদে যোগদানের পূর্বে তিনি জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) হিসেবে দায়িত্ব পালন করেন। এর আগে তিনি পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এর অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে যুগ্ম-সচিব পদে কর্মরত ছিলেন।

বিসিএস (প্রশাসন) ৭ম ব্যাচের একজন সদস্য হিসাবে জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার ১৯৮৮ সালের ১৫ ফেব্রুয়ারি চাঁদপুর জেলা প্রশাসক কার্যালয়ে সহকারী কমিশনার হিসেবে নিযুক্ত হন এবং সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন।

দীর্ঘ ৩০ বছরের কর্মজীবনে তিনি সহকারী কমিশনার, কচুয়া উপজেলা, চাঁদপুর, উপজেলা ম্যাজিস্ট্রেট, সদর উপজেলা, খাগড়াছড়ি, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট হিসেবে কুষ্টিয়া ও বরিশাল জেলায় দায়িত্ব পালন করেন। চট্টগ্রামের আনোয়ারা উপজেলা, মানিকগঞ্জ এর দৌলতপুর এবং রাঙ্গামাটি জেলার লংগদু উপজেলায় উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং গাজীপুর জেলার জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

তঁার বর্ণাঢ্য কর্মজীবনে তিনি দেশে ও বিদেশে বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

ব্যক্তিগত জীবনে তিনি দুই পুত্র সন্তানের জনক।